

## নির্ধারিত সময়ের আগেই প্রাইম ফাইন্যান্সিয়ালের ২০ লাখ ইউনিট বিক্রি

### স্টাফ করেসপন্ডেন্ট

বাংলানিউজটোয়েন্টিফোর.কম.বিডি

**ঢাকা:** নির্ধারিত সময়ের এক সপ্তাহ আগেই প্রাইম ফাইন্যান্সিয়াল ফার্স্ট ইউনিট ফান্ডের ২০ লাখ ইউনিট বিক্রি হয়ে গেছে। বিনিয়োগকারীরা আমাদের ফান্ডের ওপর আস্থা রাখা কারণেই এটি সম্ভব হয়েছে।



বুধবার দুপুরে রাজধানীর একটি অভিজাত হোটেলে প্রাইম ফাইন্যান্স অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড (পিএএমসি) আয়োজিত সংবাদ সম্মেলনে প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নিব্বাহী মঈন আল কাশেম এ তথ্য জানান।

এ সময় উপস্থিত ছিলেন পিএএমসি'র হেড অব ফাইন্যান্স মো: হাসান ঈমাম, হেড অব ফান্ড ম্যানেজমেন্ট মইনুল ইসলাম, হেড অব রিসার্চ মীর আরিফুল ইসলাম, হেড অব আইটি মহিউদ্দিন মাক্কুদ এবং ইনভেস্টমেন্ট অ্যানালিস্ট সৈয়দ আদনান হুদা। মঈন আল কাশেম বলেন, 'মিউচুয়াল ফান্ড বিনিয়োগের উ কৃষ্ট মাধ্যম। এই ফান্ডের ব্যাপক চাহিদা তারই প্রমাণ। বিনিয়োগকারীদের নিয়ন্ত্রিত ঝুঁকির মধ্যে একটি সম্ভাষণজনক লাভ দেওয়ার জন্য আমরা কাজ করবো।'

উল্লেখ্য গত ২৬ সেপ্টেম্বর প্রাইম ফাইন্যান্সিয়াল ফার্স্ট ইউনিট ফান্ড যাত্রা শুরু করে। উদ্বোধনী অনুষ্ঠানেই প্রাতিষ্ঠানিক ও বিভিন্ন পেশার বিনিয়োগকারীরা ১ কোটি ৫২ লাখ ১০ হাজার টাকার মোট ১ লাখ ৫২ হাজার ১ শত ইউনিট ক্রয় করেন। গত ৩১ অক্টোবর নির্ধারিত সময়ের এক সপ্তাহ আগেই ফান্ডের সকল ইউনিট বিক্রি শেষ হয়। ফান্ডটির প্রাথমিক আকার ২০ কোটি টাকা। এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০০ টাকা।

ট্রাস্টির অনুমোদন সাপেক্ষে আগামী ১ ডিসেম্বর থেকে নিয়মিত ক্রয় বিক্রয়ের জন্য ফান্ডটি পুনরায় উন্মুক্ত হবে। প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড 'প্রাইম ফাইন্যান্সিয়াল ফার্স্ট ইউনিট ফান্ডের' উদ্যোক্তা প্রতিষ্ঠান।

বাংলাদেশ সময়: ১৯১০ঘণ্টা, নভেম্বর ০৩, ২০১০